# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৪৮. সামনের কাতারে আর কোন জায়গা নেই। পরে আসা মুক্তাদী এখন কোথায় দাঁড়াবে?

এ মুহূর্তে যা করণীয় তা হলো:

(ক) প্রথমে চেষ্টা করবে, সামনের কাতারে কোন ফাঁকা জায়গা থাকলে সেখানে ঢুকে পড়বে।
(খ) আর তা না হলে একটু অপেক্ষা করে কেউ আসলে তার সাথে দাঁড়াবে। .
(গ) আর তা না হলে এবং সম্ভব হলে ইমামের ডান পাশে গিয়ে দাঁড়াবে।
(ঘ) আর তাও সম্ভব না হলে একাই পেছনে দাঁড়াবে। আর তখন তা জায়েয হবে এ জন্য যে, সে এখন নিরুপায়। তবে সামনের কাতার থেকে কাউকে টেনে পেছনে আনা বা ইমামকে ঠেলে সামনে এগিয়ে দেওয়া ঠিক নয়। এ মর্মে যে হাদীসটি রয়েছে তা সহীহ নয়, বরং যঈফ। (যঈফ জামের: ২২৬১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12932

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন